গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৪১.০১.০০০০.০০৯.১১.০০৮.১৫. ৪৩২ তারিখঃ ২১ জ্যৈষ্ঠ ১৪২২ / ০৪ জুন ২০১৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতরের নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা ও প্রয়োজনীয় অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | **গাড়ীচালক** (স্থায়ী রাজস্ব) ৪৭০০-৯৭৪৫/- | ০৪ (চার) টি | অষ্টম শ্রেণি পাস। হালকা ও ভারী যানবাহন চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। | বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

শর্তাবলী ঃ

১. নিয়োগের জন্য আবেদনকারী সাধারণ প্রার্থীদের বয়স ০১-৬-২০১৫ তারিখে ১৮-৩০ বছর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাগণের ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছর । শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়স ১৮-৩২ বছর।

২. আবেদনপত্রের উপরের অংশের ডান পার্শ্বে বিভাগীয় প্রার্থী/বিশেষ কোটা(প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।

৩. আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং- (১-২৯৩১-০০০০-২০৩১) এ **মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা** বরাবর সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ট্রেজারী চালান ব্যতিত ব্যাংক ড্রাফট, পে-অর্ডার, পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য হবে না।

৪. আবেদনকারীকে তাঁর নাম ও বর্তমান যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১০/- টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ফেরত খাম(৯.৫"×৪.৫") আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি- বিধান /সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৬. আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ০১ পাতার চাকরির আবেদন ফরম পূরণ পূর্বক আবেদনপত্র আগামী ২৫-৬-২০১৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সমাজসেবা ভবন, প্লট নং- ই-৮, বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭** এই ঠিকানায় পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রেরিত এবং সরাসরি দাখিলকৃত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। চাকরির আবেদন ফরম অনলাইনে সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট (www.dss.gov.bd) এ পাওয়া যাবে।

৭. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।
ক)শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।
খ)জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।
গ)সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঘ)১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
ঙ)শারিরীক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র।
চ)আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৮. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণ বশতঃ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৯. ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১০. আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১১. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত গণ্য হবে।

০৪/০৬/১৫

(এ, কে, এম খায়রুল আলম)
যুগ্ম সচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ও
সভাপতি
বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

বিতরণঃ

সদয় জ্ঞাতার্থেঃ

১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

৩। পরিচালক(কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, ঢাকা।

৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। মাননীয় সভাপতি মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ সংসদ সচিবালয়, জাতীয় সংসদ ভবন, ঢাকা।

জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক(সকল)...............................................................

২। উপপরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি কার্যালয়, কাকরাইল, ঢাকা।

৩। উপপরিচালক(সকল),........................................................... ।

৪। উপপরিচালক(প্রকাশনা, গবেষনা ও মূল্যায়ন), সমাজসেবা অধিদফতর, ঢাকা। তাঁকে সংযোজিত বিজ্ঞপ্তিটি এবং সরকার কর্তৃক নির্ধারিত চাকুরির আবেদন ফরমটি পৃথকভাবে সমাজসেবা অধিদফতরের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৫। নোটিশ বোর্ড/অফিস কপি।